



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৩.২৭.১৬৩.২০২৩-২০৮৫

তারিখ : ২৫/১০/২০২৩ খ্রি.

বিষয়: কারণ দর্শানোর নোটিশ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব বিদ্যুৎ কুমার রায়, সহযোগী অধ্যাপক (রসায়ন), প্রোগ্রাম অফিসার (টিচার্স ট্রেনিং) কলেজ এডুকেশন ডেভলপমেন্ট প্রজেক্ট, শিক্ষা মন্ত্রণালয় আপনি ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির জাতীয় শিক্ষাক্রম ২০২২ ও শিক্ষাক্রম অনুযায়ী প্রণীত বিষয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় শিক্ষামন্ত্রীর প্রতি বিভিন্ন বিষয়ে অযৌক্তিক প্রশ্ন উত্থাপন করেছেন। এছাড়াও নায়েমের মহাপরিচালক মহোদয়ের কনফারেন্স রুমে একটি সভায় শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, এনসিটিবি-এর চেয়ারম্যান, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যানসহ বিভিন্ন বরণ্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে এনসিটিবি-এর চেয়ারম্যান মহোদয়কে উদ্দেশ্য করে তার আমলে বাজেভাবে বই ছাপা হয়েছে বলে মন্তব্য করেছেন এবং তা সামাজিক যোগাযোগ মাধ্যমে স্ট্যাটাস আকারে প্রদান করেছেন। আপনি দেশের পাঠ্য বইয়ের গুনগত মান ও বই ছাপা নিয়েও বিরূপ মন্তব্যসহ বিভিন্ন ধরনের উস্কানিমূলক মন্তব্য সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়াচ্ছেন। এ ধরনের কার্যকলাপ বর্তমান সরকারের অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগের “শিক্ষার রূপান্তর” প্রতিবন্ধকতা সৃষ্টির সামিল। এরকম কার্যকলাপ মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা কর্তৃক জারীকৃত ‘সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯’ পরিপন্থি এবং বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার সদস্যদের সামাজিক যোগাযোগ মাধ্যম তথা ফেসবুকে তাদের ব্যক্তিগত ওয়ালে ও বিভিন্ন গ্রুপে সহকর্মী, উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তের বিষয়ে অশোভন, অনৈতিক, শিষ্টাচার বহির্ভূত ও উস্কানিমূলক বক্তব্য হতে বিরত থাকার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ০৪-০৮-২০২২ তারিখের ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০২৫.২০১৫-৫৯১ সংখ্যক স্মারকপত্রের নির্দেশনার পরিপন্থি।

এমতাবস্থায়, জনাব বিদ্যুৎ কুমার রায়, সহযোগী অধ্যাপক (রসায়ন), প্রোগ্রাম অফিসার (টিচার্স ট্রেনিং) কলেজ এডুকেশন ডেভলপমেন্ট প্রজেক্ট, শিক্ষা মন্ত্রণালয় একজন সরকারি কর্মকর্তা হয়ে সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নির্দেশিকা, ২০১৯ এর পরিপন্থি কার্যকলাপের অভিযোগে কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে লিখিতভাবে জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(প্রফেসর মোঃ ওয়াহিদুজ্জামান)

উপপরিচালক (কলেজ-১)

ফোন: ০২-৪১০৫০৬২০

জনাব বিদ্যুৎ কুমার রায়  
সহযোগী অধ্যাপক (রসায়ন)  
প্রোগ্রাম অফিসার (টিচার্স ট্রেনিং) কলেজ এডুকেশন ডেভলপমেন্ট প্রজেক্ট  
শিক্ষা মন্ত্রণালয় ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ২) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
- ৩) প্রকল্প পরিচালক, কলেজ এডুকেশন ডেভলপমেন্ট প্রজেক্ট, শিক্ষা মন্ত্রণালয় ঢাকা;
- ৪) জনাব -----;
- ৪) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
- ৫) সংরক্ষণ নথি।